গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
www.satkhiramch.satkhira.gov.bd

স্মারক নম্বর: সামেকহা/সাত/শাখা-১/২০২৫/ ২৭৫৯

তারিখ : ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন -১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৫.০০. ০০০০.১৪০.১১.০০৭.২৩-১৩২৫, তারিখ- ১০/০৬/২০২৪ খ্রিঃ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরায় রাজস্বখাতে নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে https://smch.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | দরখাস্ত গ্রহণের জন্য নির্ধারিত শেষ তারিখে বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ১ | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০, বাংলায় ২৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হইবে।<br>(ঙ) কম্পিউটারে গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | সকল জেলা |
| ২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) | ০১ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০, বাংলায় ২৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হইবে।<br>(ঙ) কম্পিউটারে গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০১ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০, বাংলায় ২০ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হইবে।<br>(ঙ) কম্পিউটারে গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৪ | ইন্সট্রুমেন্ট কেয়ার টেকার (গ্রেড-১৬) | ০১ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। | |
| ৫ | লিনেন কিপার (গ্রেড-১৬) | ০৩ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। | |
| ৬ | ওয়ার্ড মাস্টার (গ্রেড-১৬) | ০১ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। | |
| ৭ | টেইলর (গ্রেড-১৮) | ০১ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>বাংলাদেশ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র/ যুব উন্নয়ন অধিদপ্তর/মহিলা অধিদপ্তর হইতে সংশ্লিষ্ট বিষয়ে ০৬ মাসের প্রশিক্ষণ সনদ থাকতে হইবে। | |
| ৮ | অফিস সহায়ক (গ্রেড-২০) | ১০ | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

ডাঃ শেখ কুদরত-ই-খুদা
পরিচালক
সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল
সাতক্ষীরা।

আবেদনের সাধারণ শর্তাবলীঃ

০১। আবেদনকারীর বয়সসীমা ০৯/১১/২০২৫ খ্রিঃ তারিখে অবশ্যই সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে থাকতে হবে। সরকার নির্ধারিত বিধিবিধান অনুসরণ পূর্বক বয়সসীমা নির্ধারণ করা হবে। শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৩। সকল পদের জন্য কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ব্যবহারিক/ মৌখিক পরিক্ষায় যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

০৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধিবিধান অনুসরণ করা হবে।

০৫। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি এবং প্রয়োজনবোধে বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ/বিভাগীয় নিয়োগ কমিটি সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য দৈনিক ভাতা বা যাতায়াত ভাতা প্রদান করা হবেনা।

০৭। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র পৌরসভা/প্রশাসক/ সিটি কর্পোরেশন/ প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। যদি কোনো প্রার্থী এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার প্রতিশ্রুতি বদ্ধ হন তিনি বাংলাদেশের নাগরিক নন তবে তিনি এই নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না। বিবাহীত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করে আবেদন করতে হবে।

০৮। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তের সাথে গরমিল/ অসামঞ্জস্যতা পাওয়া গেলে ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসাদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। লিখিত, ব্যাবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত সনদপত্র অথবা কাগজপত্রের মূল কপি প্রদর্শন সহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট ফটোকপি দাখিল করতে হবে।

(ক) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ কপি।
(খ) প্রার্থীর আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্র) কপি।
(গ) জাতীয় পরিচয়পত্র
(ঘ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানা উল্লেখসহ নাগরিকত্ব সনদ পত্র, ডাউনলোডকৃত প্রবেশপত্র (Admit Card) (রঙিন প্রিন্ট), আবেদন পত্রের এপ্লিকেন্ট কপি (রঙিন প্রিন্ট)।
(ঙ) বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও ৩য় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(চ) একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

১০। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ ও প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়ের ওয়েবসাইট https://molwa.gov.bd/ এ প্রকাশিত প্রমাণকের আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে। শারীরিক প্রতিবন্ধি/৩য় লিঙ্গ/ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

১১। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর অধীন জেলা সমাজসেবা উপপরিচালক/সম পদমর্যাদা সম্পন্ন বা দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ এবং ৩য় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১২। প্রার্থী ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৩। কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত ডিগ্রীকে উল্লিখিত পদ সমূহের পাশে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্সি কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্সি সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। নিয়োগ সম্পর্কিত যেকোন সর্বশেষ তথ্য https://www.satkhiramch.satkhira.gov.bd এ পাওয়া যাবে।

* অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
* নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://smch.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৯/১১/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৯/১১/২০২৫ বিকাল-০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং থেকে ৬ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ৭ থেকে ৮ ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর প্রার্থীদের (শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে সকল পদে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী:

প্রথম SMS : **SMCH<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **SMCH ABCDEF** & send to 16222
Reply: Applicant's Name, TK. 168/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **SMCH** <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **SMCH** <space>**Yes**<space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **SMCH Yes 12345678** & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for **SMCH** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://smch.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে **SMCH** <space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: **SMCH** Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে **SMCH** <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: **SMCH** Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়েবসাইট https://satkhiramch.satkhira.gov.bd/ এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://satkhiramch.satkhira.gov.bd/ ওয়েবসাইট জানা যাবে।

স্ক্যান হতে

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **SMCH**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

* নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৬.১১.২৫

(ডাঃ শেখ কুদরত -ই- খুদা)
পরিচালক
সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল,
সাতক্ষীরা।

স্মারক নম্বর: সামেকহা/সাত/শাখা-১/২০২৫/ ২৭৫৯/৪(৯) তারিখ : ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃ আঃ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব।
৩। সচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃ আঃ- উপ সচিব (বাজেট -১ অনুবিভাগ, বাজেট-৪ শাখা)।
৪। সিনিয়র সহকারী সচিব (বিশ্ব স্বাস্থ্য -২ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ- পরিচালক (প্রশাসন)।
৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়,খুলনা।
৭। জেলা প্রশাসক, সাতক্ষীরা। দৃঃ আঃ- অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়,সাতক্ষীরা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৯। ডাঃ মানস কুমার মন্ডল, সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন), সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
১০। ডিস্ট্রিক্ট এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, সাতক্ষীরা।
১১। প্রধান সহকারী/হিসাব রক্ষক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
১২। অফিস কপি।

০৬.১১.২৫

পরিচালক
ও সভাপতি
৩য়/৪র্থ শ্রেনী নিয়োগ কমিটি
সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল,
সাতক্ষীরা।